

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- ঢাকা ওয়াসায় নবনিযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য “বুনিয়াদি প্রশিক্ষণ” আয়োজন প্রসঙ্গে।

০৯। বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য “বুনিয়াদি প্রশিক্ষণ” অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি ঢাকা ওয়াসায় রাজস্ব কর্মকর্তা ৪ জন, গবেষণা কর্মকর্তা ৩ জন, স্বাস্থ্য কর্মকর্তা ২ জন, সহকারী সচিব ১ জন, গবেষণা সহকারী ৩ জন, হিসাব রক্ষক ৩ জন, অডিটর ১ জন এবং নার্স/মেডিকেল এটেনডেন্ট ২ জনসহ সর্বমোট ১৯ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে (পত্র ক্রমিক নং-১৮)। নবনিযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে পরিচিত করানোর লক্ষ্যে আগামী ১৮ জানুয়ারী ২০২৬ তারিখ হতে “বুনিয়াদি প্রশিক্ষণ” আয়োজনের জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন) মহোদয় মৌখিক নির্দেশ প্রদান করেছেন। “বুনিয়াদি প্রশিক্ষণ” এর মাধ্যমে যাতে নবনিযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণ ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম এবং চাকুরি সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, শৃংখলা, আচরণবিধি ও দায়িত্ববোধ সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারেন সে নিরীখে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (পত্র ক্রমিক নং-১৯)। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত রাজস্ব কর্মকর্তা ৪ জন, গবেষণা কর্মকর্তা ৩ জন, স্বাস্থ্য কর্মকর্তা ২ জন, সহকারী সচিব ১ জন, গবেষণা সহকারী ৩ জন, হিসাব রক্ষক ৩ জন, অডিটর ১ জন এবং নার্স/মেডিকেল এটেনডেন্ট ২ জনসহ সর্বমোট ১৯ জনকে মনোনয়ন দেয়া যেতে পারে। প্রশিক্ষণটি আগামী ১৮ জানুয়ারী ২০২৬ তারিখ হতে ১২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখ মেয়াদে ১৯ (উনিশ) কর্মদিবসব্যাপী আয়োজন করা যেতে পারে। প্রশিক্ষণটিতে বিভিন্ন বিষয়ে বক্তৃতা প্রদানের জন্য বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান এবং ঢাকা ওয়াসার বিভিন্ন পর্যায়ে কর্মরত সিনিয়র কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

১০। ১৯ (উনিশ) দিনব্যাপী প্রশিক্ষণটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	২,২৮,০০০/-	(২০ সেশন ৩,৬০০/- টাকা হারে+৫২ সেশন ৩,০০০/- টাকা হারে)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	২,৫৪,৬০০/-	(১০ জন ৮০০/- হারে ১৯ দিন+ ৯ জন ৬০০/- হারে ১৯ দিন)
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৩৮,০০০/-	২,০০০/- টাকা হারে ১৯ দিন
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	২৮,৫০০/-	১,৫০০/- টাকা হারে ১৯ দিন
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১৯,০০০/-	১,০০০/- টাকা হারে ১৯ দিন
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৩,৩০,৬০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩০ জন ৫৮০/- টাকা হারে×১৯ দিন)
(ছ) পানি	১৫,৩৯০/-	(আধা লিটার ৬ কেস ১৩৫/- টাকা হারে×১৯ দিন)
(জ) ব্যাগ, নোটবুক ও কলম	২৪,৭০০/-	(১৯ সেট ১,৩০০/- টাকা হারে)
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	২৫,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=৯,৬৩,৭৯০/-	(কথায়ঃ টাকা নয় লক্ষ তেষটি হাজার সাতশত নব্বই মাত্র)

১১। এমতাবস্থায়, ১৯ (উনিশ) দিনব্যাপী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত রাজস্ব কর্মকর্তা ৪ জন, গবেষণা কর্মকর্তা ৩ জন, স্বাস্থ্য কর্মকর্তা ২ জন, সহকারী সচিব ১ জন, গবেষণা সহকারী ৩ জন, হিসাব রক্ষক ৩ জন, অডিটর ১ জন এবং নার্স/মেডিকেল এটেনডেন্ট ২ জনসহ সর্বমোট ১৯ জন কর্মকর্তার মনোনয়ন, “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৯,৬৩,৭৯০/- (নয় লক্ষ তেষটি হাজার সাতশত নব্বই মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে। এছাড়াও ঢাকা ওয়াসা কেন্দ্রের কনফারেন্স কক্ষে বর্তমানে চলমান বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আগামী ২৮/০১/২০২৬ তারিখে সমাপ্ত হবে বিধায় বিষয়ে বর্ণিত প্রশিক্ষণটি আয়োজনের জন্য ১৮/০১/২৬ হতে ২৮/০১/২৬ সময়ে ওয়াসা ভবনস্থ শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল/তুরাগ হল/সিপিসিআর বিভাগের মিটিং রুম ব্যবহারেরও অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।